সরকারি আইনউদ্দীন কলেজ, মধুখালী, ফরিদপুর।

অর্ধবার্ষিক পরীক্ষা-২০২১

শ্রেণিঃ একাদশ (২০২০-২০২১ শিক্ষাবর্ষ)

বিষয়ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

পূর্ণমানঃ১০০ বিষয় কোডঃ২৭৭-২৭৮

ক-বিভাগঃ সৃজনশীল (সকল প্রশ্নের উত্তর দাও) ৬X১০=৬০

১। জনাব জুবায়ের ও তার তিন বন্ধু মিলে শরীয়তপুরের চরে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। চরের অধিকাংশ লোকই দারিদ্রপীড়িত। এই প্রতিষ্ঠানের অন্যতম উদ্দেশ্য হলো সামাজিক, নৈতিক ও পরিবেশগত উন্নয়ন সাধন করা। চার বন্ধুর পরিশ্রমে দ্রুতই ব্যবসায়টি সাফল্য অর্জন করে। ব্যবসায়ের অর্জিত মুনাফা থেকে সদস্যদের বিনিয়োগকৃত মূলধন ফেরত দেওয়া হয় এবং অবশিষ্ট মুনাফা প্রতিষ্ঠানের উন্নয়নের কাজে ব্যয় করা হয়।

ক) বাজারজাতকরণ প্রসার কী ? ১

খ) ব্যবসায়ের উপযোগসমূহ বর্ণনা কর। ২

গ) জনাব জুবায়েরের প্রতিষ্ঠিত ব্যবসায়টি কোন ধরণের? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের ব্যবসায়টি বাংলাদেশের দারিদ্র দূরীকরণে কতটুকু অবদান রাখতে সক্ষম? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২। বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ হলেও শিল্পের ক্ষেত্রে ক্রমাগত এগিয়ে চলছে। তৈরি পোশাক রপ্তানির ক্ষেত্রে আমাদের অবস্থান শক্তিশালী। ২০১৩ সালে রানা প্লাজা ধসে পড়ে সহস্রাধিক পোশাক কর্মীর মৃত্যুর ঘটনায় যুক্তরাষ্ট্র সেদেশে বাংলাদেশের পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রদত্ত কোটা সুবিধা বাতিল করেছে। এমন সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য সর্বাত্মক চেষ্টা অব্যাহত আছে।

ক) আবাসিক এলাকায় ব্যবসায়ের কোন পরিবেশের কারণে শিল্প প্রতিষ্ঠা করা যায় না ? ১

খ) ব্যবসায় পরিবেশের সামষ্টিক উপাদানসমূহ বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে যুক্তরাষ্ট্রের কোটা বাতিলের বিষয়টি কোন পরিবেশের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ) যুক্তরাষ্ট্রের প্রদত্ত কোটা সুবিধা ফিরে পাওয়ার জন্য করণীয় কী? রানাপ্লাজার ঘটনার উত্তরণ এর সাথে কিভাবে জড়িত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৩। ফারুক আইনউদ্দীন কলেজের গেটে একটি স্টেশনারি দোকান পরিচালনা করে। সততা ও দক্ষতার কারণে তার ব্যবসায়টি খুব লাভজনক হয়ে ওঠে। চাহিদার কারণে সে কম্পিউটার ও ফটোকপি মেশিন ক্রয় করে উপজেলার বিভিন্ন অফিসের কাজ করে থাকে। কাজের পরিধি বৃদ্ধি পাওয়ার কারণে সুমনকে মাসিক বেতনের ভিত্তিতে দোকানের কাজে নিয়োগ করে। বছর শেষে সুমন মুনাফা দাবি করে।

ক) যৌথ উদ্যোগে ব্যবসায় কাকে বলে? ১

খ) একমালিকানা ব্যবসায়ে মালিকের দায় অসীম কেন? ২

গ) উদ্দীপকে ফারুকের ব্যবসায়টি কোন প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩

ঘ) সুমনের মুনাফা দাবি করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। হাবিব একজন বিক্রয় ব্যবস্থাপক। তিনি বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে ৮ মাসের একটি পরিকল্পনা গ্রহণ করেন। ১০ মাস পরে পরিকল্পনাটির মেয়াদ ৩ বছর বৃদ্ধি করেন ও বাস্তবায়নের চেষ্টা করেন। কিন্তু তিনি বুঝতে পারলেন তিনি অনেক দেরি করে ফেলেছেন। আরও আগে থেকেই প্রস্তুতি গ্রহণ করলে ভালো হতো।

ক) সামগ্রিক পরিকল্পনা কাকে বলে? ১

খ) স্থায়ী পরিকল্পনা ও একার্থক পরিকল্পনার পার্থক্য বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে কোন ধরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের হাবিব পরিকল্পনার কোন বৈশিষ্ট্যর অভাবে গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন করতে পারেনি? বিশ্লেষণ কর। ৪

৫। উৎপাদন বৃদ্ধির নির্দেশনা জারির প্রেক্ষিতে উৎপাদন ব্যবস্থাপক বাবলু সাহেব প্রত্যেক কর্মীর কাজ সুনির্দিষ্ট করে দিয়ে তাদের জবাবদিহিতার আওতায় নিয়ে আসেন। তিনি অধীনস্থ চল্লিশজন কর্মীর মধ্যে বাইশজনের জন্য বেশি সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ করেন। এতে বাকি আঠারোজনের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। বিষয়টি উর্ধ্বতন নির্বাহীগণ অবগত হওয়ার সাথে সাথে ক্ষোভ নিরসনের উদ্যোগ গ্রহণ করেন।

ক) The Gospel of Efficiency গ্রন্থের লেখক কে? ১

খ) ব্যবস্থাপনার কোন স্তরে মানসিক শ্রম বেশি হয় এবং কেন? ২

গ) উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘনের কারণে ক্ষোভের সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের জনাব বাবলু প্রশাসক নাকি ব্যবস্থাপক? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৬। জনাব হায়দার একটি প্রতিষ্ঠানের নীতিমালা নির্ধারণ ও পরিকল্পনা প্রণয়নের সাথে জড়িত। উক্ত প্রতিষ্ঠানে জনাব শিহাবও কর্মরত। জনাব শিহাব শ্রমিকরা যাতে স্বাচ্ছন্দে কাজ করতে পারে সেদিকে লক্ষ্য রাখেন এবং তারা যথাযথভাবে কাজ করছে কিনা পর্যবেক্ষণ করেন।

ক) ব্যবস্থাপনার 6‘M’ কী ? ১

খ) ব্যবস্থাপনার কার্যচক্রটি বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে জনাব হায়দার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে জনাব হায়দার ও জনাব শিহাবের মধ্যে আন্তঃব্যক্তিক দক্ষতা কার অধিক থাকা প্রয়োজন? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

খ-বিভাগঃ সংক্ষিপ্ত প্রশ্ন (সকল প্রশ্নের উত্তর দাও) ৪০X১=৪০

৭। সেবামূলক দুটি ব্যবসায়ের নাম লিখ।
৮। পিপিপি কী?
৯। প্রাচীনতম ব্যবসায় সংগঠন কোনটি?
১০। নমনীয়তা কী?
১১। একমালিকানা ব্যবসায় কাকে বলে?
১২। অসীম দায় কাকে বলে?
১৩। ১৮৮১ সালে কোন আইন প্রণীত হয়?
১৪।সমবায় আইন কত সালের?
১৫। বাংলাদেশের কোন শহরকে পাশ্চাত্যের ড্যান্ডি বলা হয়?
১৬। সরকারি আইনউদ্দীন কলেজ ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?
১৭। প্রাকৃতিক পরিবেশের দু'টি উপাদানের নাম লিখ।
১৮। শিশু শ্রমিক কেন নিয়োগ করা যায় না?
১৯। ব্যবসায় পরিবেশ কাকে বলে?
২০। প্রত্যক্ষ সেবার দু'টি বৈশিষ্ট্য লিখ।
২১।গুদামজাতকরণ কাকে বলে?
২২। সামাজিক ব্যবসায়ের উদ্ভাবক কে?
২৩। আমদানি ও রপ্তানি কাকে বলে?
২৪। ব্যবসায়ের উৎপাদনকারী ও বণ্টনকারী শাখার নাম লিখ।
২৫। প্রজনন শিল্প কাকে বলে?
২৬। ব্যবসায়ের মূখ্য উদ্দেশ্য কী?
২৭। ব্যবস্থাপনার কোন কাজকে দর্পণ বলা হয়?
২৮। SWOT কী?
২৯। Vision 2021 কোন ধরণের পরিকল্পনা?
৩০। সাপ্তাহিক ও ত্রৈমাসিক পরিকল্পনা কী?
৩১। নীতি কাকে বলে?
৩২। পরিকল্পনার পটভূমি কাকে বলে?
৩৩। হেনরি ফেয়ল কতসালে জাতিসংঘে ভাষণ প্রদান করেন?
৩৪। ব্যবস্থাপনার মূলনীতি কয়টি? দু'টির নাম লিখ।
৩৫। কোন ধরণের ব্যবস্থাপনা মানসিক বিপ্লব?
৩৬। বৈজ্ঞানিক ব্যবস্থাপনার কয়টি দিক?
৩৭। ব্যবস্থাপনার স্তর কয়টি ও কী কী?
৩৮। সুপারভাইজার কোন ধরণের ব্যবস্থাপক?
৩৯। সংগঠন, ব্যবস্থাপনা ও প্রশাসনের মধ্যে সম্পর্ক দেখিয়েছেন কোন ব্যবস্থাপনাবিদ?
৪০। লাও-জু কোন সভ্যতায় ব্যবস্থাপনার উন্নয়নে অবদান রাখেন?
৪১। ইউটোপিয়া গ্রন্থের লেখক কে?
৪২। Z তত্ত্বের প্রবক্তা কে?
৪৩। POSDCORB কী
৪৪। 'ব্যবস্থাপনা সর্বজনীন'- কে বলেছেন?
৪৫। ব্যবস্থাপনা কাকে বলে?
৪৬। শ্রমিক-কর্মী ব্যবস্থাপনার জনক কে?